জাইনী নং..........
তারিখ..........
সিস্টেমস ম্যানেজার দপ্তর * জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা *

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
[বোর্ড প্রশাসন-৩ (জেনারেল) শাখা]
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nbr.gov.bd

"আমরা বদলে যাবো
আমরা বদলে দেবো"

নম্বর-০৮.০১.০০০০.০০৩.০৭.০০২.২০/ ২৬৭

তারিখ: ১৬ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
৩১ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সভার কার্যবিবরণী অনুযায়ী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৯তম শাহাদত বার্ষিকীতে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে ১৫ আগস্ট "জাতীয় শোক দিবস ২০২৪" পালনের অংশ হিসেবে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(ক) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৯তম শাহাদত বার্ষিকীতে "জাতীয় শোক দিবস ২০২৪" উপলক্ষে সকল কর্মকর্তা/কর্মচারী ০১ আগস্ট, ২০২৪ হতে মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করতে হবে।

(খ) আগামী ১৫ আগস্ট, ২০২৪ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার "জাতীয় শোক দিবস ২০২৪" উপলক্ষে সকল দপ্তরে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

(গ) সিনিয়র সচিব মহোদয়ের নেতৃত্বে আগামী ১৫ আগস্ট, ২০২৪ তারিখ সকাল ০৮:০০ ঘটিকায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ব্যানারসহ সকল কর্মকর্তা/কর্মচারী ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। সে লক্ষ্যে সকল কর্মকর্তা/কর্মচারী সকাল ০৭:৫৫ ঘটিকায় ধানমন্ডিস্থ লাজ ফার্মার বিপরীতে জমায়েত হবেন।

(ঘ) পুষ্পস্তবক অর্পণ শেষে জাতীয় রাজস্ব বোর্ডের মাল্টিপারপাস হল (কক্ষ নং-৩০১) এ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনী সংক্রান্ত প্রকাশিত বিভিন্ন বই পড়া অনুষ্ঠান, আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। উক্ত সভায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণ অংশগ্রহণ করবেন।

০২। এমতাবস্থায়, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৯তম শাহাদত বার্ষিকীতে ১৫ আগস্ট "জাতীয় শোক দিবস ২০২৪" উপলক্ষে বর্ণিত সিদ্ধান্ত যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের জন্য সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১/০৭/২০২৪

(মোহাম্মাদ মফিজুর রহমান)
সদস্য (বোর্ড প্রশাসন)
ফোন: ০২-২২২২১৭৭১৬

বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০২। মহাপরিচালক (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (অফিস আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

০৫। প্রথম সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৬। দ্বিতীয় সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৭। সভাপতি/সাধারণ সম্পাদক, ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারী সমিতি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৮। কর্মচারী (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন)
www.ird.gov.bd

**বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৯তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৪' পালনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ৩০-০৭-২০২৪ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
স্থান : অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ
তারিখ : ৩০-০৭-২০২৪ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১১:০০ ঘটিকা।

সভায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সকল কর্মকর্তা এবং জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এর কর্মকর্তাগণ সভায় অংশগ্রহণ করেন (পরিশিষ্ট-ক)।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অত:পর সভাপতি যুগ্মসচিব (প্রশাসন)-কে সভার কর্মসূচি উপস্থাপনের জন্য আহবান করেন। যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান যে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৯তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৪' পালনের কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী দিবসটি যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের নিমিত্ত এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার পালনীয় সম্ভাব্য কর্মসূচী প্রণয়নের জন্য সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের মতামত আহ্বান করা হয়। অংশগ্রহণকারী কর্মকর্তাগণ বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

০৩। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১. | ০১) আগামী ১৫ আগস্ট ২০২৪ তারিখ বৃহস্পতিবার জাতীয় রাজস্ব বোর্ড ও তার অধীনস্থ মাঠ পর্যায়ের অফিসসমূহ, জাতীয় সঞ্চয় অধিদপ্তর ও তার অধীনস্থ মাঠ পর্যায়ের অফিসসমূহ, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনালের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে;<br><br>০২) মাঠ পর্যায়ের অফিসসমূহ (জেলা/উপজেলা/বিভাগীয় অফিসসমূহ) নিজ নিজ কর্মসূচী বাস্তবায়নসহ স্ব-স্ব জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচী পালন করবে। | ০১) সদস্য (বোর্ড প্রশাসন)/সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) /সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড;<br>০২) মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর;<br>০৩) প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল; এবং<br>০৪) প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল। |

চলমান পাতা-০২

| ক্রম | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- |
| ০২. | (ক) সিনিয়র সচিব মহোদয়ের নেতৃত্বে আগামী ১৫ আগস্ট ২০২৪ তারিখ সকাল ০৮:০০ ঘটিকায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারিগণ ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করবেন। সে লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারিগণ সকাল ০৭:৫৫ ঘটিকায় ধানমন্ডিস্থ লাজ ফার্মার বিপরীতে জমায়েত হবেন। পুষ্পস্তবক অর্পন শেষে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী সংক্রান্ত প্রকাশিত বিভিন্ন বই পড়া অনুষ্ঠান, আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানেও কর্মকর্তা/কর্মচারিগণ অংশগ্রহণ করবেন।<br><br>(খ) আগামী ১৫ আগস্ট ২০২৪ তারিখে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মচারিবৃন্দ, বিভিন্ন সার্ভিস এ্যাসোসিয়েশনের সদস্যবৃন্দ ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের জন্য পৃথকভাবে কর্মসূচি গ্রহণ করতে পারে। | ০১) সদস্য (বোর্ড প্রশাসন)/সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/ সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড;<br>০২) মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর;<br>০৩) যুগ্মসচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;<br>০৪) প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল; এবং<br>০৫) প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল। |
| ০৩. | বিসিএস (কর) একাডেমী, ঢাকা ও কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ সকল দপ্তর/সংস্থা/অফিসের মসজিদে ১৫ আগস্ট ২০২৪ তারিখ রোজ বৃহস্পতিবার সুবিধাজনক সময়ে দোয়া মাহফিলের আয়োজন করবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ সকল দপ্তর/সংস্থা/অফিস। |
| ০৪. | এ বিভাগের অধিনস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারিগণ ০১ আগস্ট ২০২৪ হতে মাসব্যাপি কালো ব্যাচ ধারণ করবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ সকল দপ্তর/সংস্থা/অফিস। |
| ০৫. | উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে ফলো-আপ সভা অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষে আগামী ০৭ আগস্ট ২০২৪ তারিখ রোজ বুধবার সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০।০৭।২০২৪

( আবু হেনা মোঃ রহমাতুল মুনিম )

সিনিয়র সচিব